



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৯-০৯-২০১৮

### সংবাদ বিজ্ঞপ্তি

স্বাধীনবাংলা ফুটবল দলের অন্যতম সদস্য, বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রাক্তন খেলোয়াড়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্লু, মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ ঢাকা, ভিক্টোরিয়া স্পোর্টিং ক্লাব, ওয়ারী ক্লাব, ফায়ার সার্ভিস, ঢাকা ওয়াডারার্স ক্লাব ও বাংলাদেশ ওয়াপদা এর প্রাক্তন খেলোয়াড় জনাব কে এম নওশেরুজ্জামান COVID-19 এ আক্রান্ত হয়ে গত ০৭-০৯-২০২০ তারিখ ঢাকার কল্যানপুরস্থ ইবনে সিনা হাসপাতালে ভর্তি হন। তার শারিরিক অবস্থার অবনতি হলে গত ০৮-০৯-২০২০ তারিখ তাকে নিবিড় পর্যবেক্ষণ কেন্দ্র (আইসিইউ) তে স্থানান্তর করা হয়। বর্তমানে তিনি লাইফ সাপোর্টে আছেন। বাংলাদেশ ফুটবল ফেডারেশন আশা করে জনাব কে এম নওশেরুজ্জামান দ্রুত সুস্থ হয়ে আবার আমাদের মাঝে ফিরে আসবেন।

জনাব কে এম নওশেরুজ্জামান-এর চিকিৎসার যাবতীয় খরচ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বহন করায় বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষ থেকে এবং আমি ব্যক্তিগতভাবেও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। তার সুচিকিৎসাকল্পে সার্বক্ষনিক খোজ খবরও নেয়া হচ্ছে।

জনাব কে এম নওশেরুজ্জামান-এর দ্রুত আরোগ্য কামনাতে,

কাজী মোঃ সালাহউদ্দীন

সভাপতি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।